গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খন ০৩২৭৬৬০

অগ্রণী দুয়ার ব্যাংকিং ইউনিট এজেন্ট(দুয়ার আউটলেট) চুক্তিপত্র

চুক্তি অনুষ্ঠিত হবার তারিখঃ ..........................................।

প্রথম পক্ষ:

দুয়ার সার্ভিসেস লিমিটেড, দিলকুশা সেন্টার(L-৮), ২৮ দিলকুশা সি/এ, ঢাকা-১০০০

দ্বিতীয় পক্ষ:

নামঃ ....মোঃ আঃ মতিন....................................................................

প্রতিষ্ঠানের নামঃ ....মেসার্স আনিতা ফার্মেসী.............. রেজীঃ............................................

ঠিকানাঃ ............................................................................................

এজেন্সি কোড: ..........................................

প্রথম পক্ষ "দুয়ার সার্ভিসেস লিমিটেড" যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ "অগ্রণী ব্যাংক লিমিটেড" কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে নির্ধারিত এলাকায় একই ব্যাংকের ব্যাংকিং ও আর্থিক সেবা প্রদানের উদ্দেশ্যে একটি আউটলেট/এজেন্ট পয়েন্ট/কাস্টমার সার্ভিস পয়েন্ট (সিএসপি) স্থাপন এবং কার্যক্রম পরিচালনার জন্য একজন ইউনিট এজেন্ট নিয়োগের সিদ্ধান্তে উপনীত হয়। এ বিষয়ে দ্বিতীয় পক্ষের আগ্রহ প্রকাশ এবং ইউনিট এজেন্ট হবার আবেদনের প্রেক্ষিতে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে নির্দিষ্ট দুয়ার আউটলেটের ইউনিট এজেন্ট হিসেবে নিয়োগ প্রদানে সদয় সম্মত হয়।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খন ০৩২৭৬৫৯

সেকশন ১: সংজ্ঞা

১.১ দুয়ার সার্ভিসেস লিমিটেড: দুয়ার সার্ভিসেস লিমিটেড, সংক্ষেপে দুয়ার, একটি তথ্য-প্রযুক্তি সেবাদানকারী প্রতিষ্ঠান; যা তথ্য-প্রযুক্তি নির্ভর এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান করে থাকে। দুয়ার রাষ্ট্রমালিকানাধীন অগ্রণী ব্যাংক লিমিটেড এর মাষ্টার এজেন্ট এবং সাপোর্ট সার্ভিস প্রোভাইডার হিসেবে নিয়োজিত।

১.২ মাষ্টার এজেন্ট: মাস্টার এজেন্ট এমন একটি প্রতিষ্ঠান যা একাধিক ব্যাংকিং সেবা প্রদানকারী শাখা বা আউটলেটের আইনত নিয়ন্ত্রক/মালিক/নিয়োগকারী। একজন মাস্টার এজেন্ট একটি ব্যাংক (সরকারি বা বেসরকারি) এর সাথে চুক্তিবদ্ধ হয়ে নির্দিষ্ট পন্থা অবলম্বনের মাধ্যমে ব্যাংকিং পরিসেবা প্রদান করে থাকে।

১.৩ আউটলেট/দুয়ার আউটলেট: দুয়ার আউটলেট হলো গ্রাহক পরিষেবা পয়েন্ট, উক্ত পয়েন্ট এর জন্য বিভিন্ন যাচাই- বাছাই এর পর একজন ব্যক্তিকে ইউনিট এজেন্ট হিসেবে মনোনয়ন করা হয়। যিনি গ্রাহকদের একটি ব্যাংক এর এজেন্ট ব্যাংকিং এবং আর্থিক পরিসেবা প্রদান করে থাকে।

১.৪ ইউনিট এজেন্ট: যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান মাস্টার এজেন্ট দুয়ারের অধীনে নির্দিষ্ট দুয়ার আউটলেট পরিচালনা ও নির্দেশিত ব্যাংকিং সেবা প্রদান করে থাকে।

১.৫ এজেন্ট ব্যাংকিং: এজেন্ট ব্যাংকিং বলতে বোঝায় একজন টেলার/ক্যাশিয়ার এর পরিবর্তে একটি বৈধ এজেন্সী চুক্তির আওতায় নিয়োজিত এজেন্টের মাধ্যমে নির্দিষ্ট পরিসরে ব্যাংকিং ও আর্থিক সেবা প্রদান।

১.৬ CSP: CSP (Customer Service Point) হচ্ছে গ্রাহক সেবাকেন্দ্র বা আউটলেট যেখানে এজেন্ট/ইউনিট এজেন্ট নির্দিষ্ট ব্যাংকের পক্ষে গ্রাহককে ব্যাংকিং সেবা প্রদান করবেন।দ্বিতীয় পক্ষ (ইউনিট এজেন্ট)মালিকানাধীন প্রতিটি সি.এস.পি/আউটলেট ১ম পক্ষ দুয়ার সার্ভিসেস লি: এর অফিস হিসেবে গণ্য হবে।

১.৭ অগ্রণী ব্যাংক লিমিটেড: অগ্রণী ব্যাংক লিমিটেড ব্যাংক কোম্পানি আইনে নিয়ন্ত্রিত একটি রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক।

১.৮ বাংলাদেশ ব্যাংক: বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক; ব্যাংক ও অব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী সংস্থা।

১.৯ গ্রাহকঃ সেবা গ্রহীতা সকল।

১.১০ ডিভাইসঃ যে সকল যন্ত্র এজেন্ট ব্যাংকিং সেবা প্রদানে ব্যবহৃত হয়।

১.১১ ব্যাংক Account: যে হিসাবের মাধ্যমে সকল ব্যাংকিং লেনদেন পরিচালিত হয়।

১.১২ দুয়ার কার্ড: দুয়ার কার্ড (কুইক রেসপন্স কার্ড) হচ্ছে এক প্রকার মেশিনে পাঠযোগ্য কার্ড; যা গ্রাহকের সঠিক পরিচিতি সনাক্তকরণে ব্যবহৃত হয়।

১.১৩ বায়োমেট্রিক ডিভাইসঃ বায়োমেট্রিক ডিভাইস হচ্ছে একটি নিরাপত্তা সনাক্তকরণ এবং প্রমাণীকরণ ডিভাইস। এটি স্বয়ংক্রিয় পদ্ধতি ব্যবহার করে জীবন্ত ব্যক্তির শারীরবৃত্তীয় বা আচরণগত বৈশিষ্ট্য

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খন ০৩২৭৬৫৮

যেমনঃ আঙুলের ছাপ, মুখের ছবি, আইরিস প্রিন্ট, কণ্ঠস্বর ইত্যাদি যাচাই করে ব্যক্তির পরিচয় শনাক্ত করে।

১.১৪ স্মার্টফোনঃ স্মার্টফোন হচ্ছে উন্নত মোবাইল অপারেটিং সিস্টেমের সাথে ব্যক্তিগত কম্পিউটার অপারেটিং সিস্টেমের বৈশিষ্ট্য সম্মিলিত একটি মোবাইল ফোন।

১.১৫ অগ্রণী দুয়ার ব্যাংকিং: অগ্রণী দুয়ার ব্যাংকিং দুয়ার সার্ভিসেস লিঃ -এর মাধ্যমে পরিচালিত অগ্রণী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং সেবার ব্র্যান্ড নাম।

১.১৬ টেলার: অগ্রণী দুয়ার ব্যাংকিং কার্যক্রমে টেলার একজন সফটওয়্যার/অ্যাপ ব্যবহারকারী যিনি এজেন্টের আওতাধীন সেবাকেন্দ্রে বা প্রয়োজনে চাহিদাকৃত স্থানে গিয়ে বা অবস্থান করে সেবা প্রদান করতে পারেন।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৭৩

সেকশন ২: এজেন্সী সংক্রান্ত শর্তাবলী

নিম্নোক্ত শর্তাবলী পরিপালনের মাধ্যমে, দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের ইউনিট এজেন্ট হিসেবে নিয়োগ এবং ব্যবসা পরিচালনার অধিকার অর্জন করে।

ইউনিট এজেন্ট কর্তৃক অবশ্য পালনীয় এজেন্সি সম্পর্কিত শর্তাবলীঃ

২.১ দ্বিতীয় পক্ষ অন্য কোন এজেন্ট ব্যাংকিং সেবায় এজেন্ট, ইউনিট এজেন্ট, মাস্টার এজেন্ট, সাব এজেন্ট, টেলার, ম্যানেজার হিসেবে বা অন্য কোন ভাবে নিযুক্ত/জড়িত হতে পারবে না।

২.২ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নির্ধারিত পণ্য ও সেবা প্রদানে বাধ্য থাকবে।

২.৩ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের অনুমতি ব্যতিরেকে অন্য কোন পণ্য বা সেবা প্রদান করতে পারবে না।

২.৪ সেবা প্রদান ও ব্যবসা পরিচালনার ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের স্বার্থবিরোধী কর্মকাণ্ড থেকে বিরত থাকবে।

২.৫ এজেন্সিশিপ সংক্রান্ত সকল বিষয়ে প্রথম পক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২.৬ দ্বিতীয় পক্ষ কর্তৃক নিয়োগকৃত/নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীর দায়ভার ইউনিট এজেন্ট/ দ্বিতীয় পক্ষ বহন করবে।

২.৭ দ্বিতীয় পক্ষ স্থাপিত এজেন্ট পয়েন্ট/আউটলেটে প্রথম পক্ষের নির্দেশিত কার্যক্রম ছাড়া অন্য কোন ব্যবসা বা কার্যক্রম পরিচালনা করবে না। উল্লেখ্য প্রথম পক্ষ এজেন্ট পয়েন্ট-এর বিন্যাস, ডিজাইন সহ সকল ব্যবহারিক বিষয়ের চূড়ান্ত ক্ষমতা প্রয়োগের অধিকারী হবে।

২.৮ দ্বিতীয় পক্ষ সেবাকেন্দ্রে যেকোন পরিবর্তন-পরিমার্জনের প্রয়োজন বোধ করলে প্রথম পক্ষের লিখিত অনুমোদন গ্রহণ করতে বাধ্য থাকবে।

২.৯ দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের নির্দেশিত সিএসপি খোলা এবং বন্ধের সময়সীমা (নামাজ, দুপুরের খাবার সময় এবং ছুটির দিনসহ)মেনে চলতে বাধ্য থাকবে এবং এ সংক্রান্ত নোটিশ প্রদর্শন করবে।

২.১০ এই চুক্তিপত্রে উল্লেখিত বিষয় বা সিদ্ধান্ত ছাড়াও প্রথম পক্ষ ব্যবসা সম্পর্কিত যেকোনো বিষয়ে এবং বা ব্যাংকিং কার্যক্রম সংক্রান্ত যে কোনো বিষয়ে নিজ উদ্যোগে অথবা বাংলাদেশ ব্যাংক বা অগ্রণী ব্যাংক লিমিটেড-এর পরামর্শক্রমে বা নির্দেশনানুসারে পরবর্তী সময়ে নতুন কোনো শর্তারোপ বা উল্লেখিত যেকোনো বিষয়ের সংযোজন-বিয়োজন বা পরিবর্তন-পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করে।

২.১১ দ্বিতীয় পক্ষ বাংলাদেশ ব্যাংক, অগ্রণী ব্যাংক লিমিটেড ও দুয়ার সার্ভিসেস লি: এর অথবা উক্ত সংস্থার কোন প্রতিনিধি যেকোন সময় পরিদর্শনে আসলে পরিদর্শন কাজে সর্বতোভাবে সহযোগিতা প্রদান করতে বাধ্য থাকবে।

২.১২ দ্বিতীয় পক্ষ বাংলাদেশ ব্যাংক এর সর্বশেষ গাইডলাইন এবং এরই আলোকে অগ্রণী ব্যাংকের ম্যানুয়াল ও দুয়ারের নির্দেশনা অনুসরণ করে সকল কর্মকাণ্ড পরিচালনা করতে বাধ্য থাকবে।

২.১৩ চূড়ান্ত নিয়োগপ্রাপ্তির ১৫ দিনের মধ্যে দ্বিতীয় পক্ষ নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম পক্ষকে জমা দিবে:

- ট্রেড লাইসেন্স, TIN, VAT certificate, CIB
- ন্যাশনাল আইডি কার্ড
- ঘরভাড়া চুক্তিপত্র (৫ বছরের চুক্তি)
- পুলিশ ভেরিফিকেশন

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



মোছাঃ আনিতা স্টোর
মোঃ আব্দুল মতিন
০১৭৪০৩-২৫৪০৭৩




স ৪৩৮২৮৭২

- নির্দিষ্ট ফরম্যাটে FDR লিয়েন করার কপি
- CCTV, অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপনের প্রমাণাদি/ছবি
- এজেন্ট মালিকানা সম্পর্কিত নমিনী
- ২ জনের সুপারিশপত্র -১ জন অবশ্যই সাবেক বা বর্তমান ব্যাংকার হতে হবে, অন্যজন গ্রহণযোগ্য স্থানীয় গন্যমান্য ব্যক্তি হতে হবে।
- জামিনদাতা কমপক্ষে ২ জন(১ম জন পারিবারিক সদস্য, ২য় জন এলাকার বিশিষ্ট সম্মানিত ও সম্পদশালী ব্যক্তি)
- ব্যাংক স্টেটমেন্ট
- নির্দিষ্ট ফরম্যাটে অঙ্গীকার পত্র
- অফিস/কোম্পানি রেজুলেশন
- স্টাফ ইনফরমেশন বা এপ্লিকেশন
- সি.এস.পির ছবি/সি.এস.পি সেটআপ এর ছবি
- অন্য কোনো ব্যক্তি/প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা থাকলে তার কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- ব্যবসায় একাধিক অংশীদার থাকলে প্রত্যেকের ক্ষেত্রে উপরোক্ত সকল লিগ্যাল ডকুমেন্টস এক কপি করে জমা দিতে হবে।

২.১৪ দ্বিতীয় পক্ষের অনুমতি ব্যতিরেকে আউটলেট বা ইউনিট এজেন্ট ব্যবসা/মালিকানা হস্তান্তর করা যাবেনা।

২.১৫ পরবর্তীতে পত্রাকারে (বা ইমেইলের মাধ্যমে) পাঠানো প্রথম পক্ষের সকল নির্দেশনাবলী, নীতিমালা বা নতুন প্রোডাক্ট/সার্ভিস, কমিশন/ফী ঘোষণা, সতর্কীকরণ ইত্যাদি যেকোনো পরিবর্তন-পরিমার্জন এই চুক্তিপত্রের অংশ বা সামঞ্জস্যপূর্ণ বলে বিবেচিত হবে।

২.১৬ দুয়ার প্রদত্ত বিভিন্ন সিস্টেম/প্ল্যাটফর্ম/ফর্ম এগুলোর মাধ্যমে আউটলেট হতে পাঠানো অনুরোধ দ্বিতীয় পক্ষ থেকে পাঠানো হয়েছে বলেই গণ্য হবে।

সেকশন ৩: দ্বিতীয় পক্ষের দায়িত্ব ও কর্তব্য

৩.১ ইউনিট এজেন্টকে এবং তার নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদেরকে অবশ্যই ব্যাংকের সকল প্রকার পণ্য ও সেবা সম্পর্কে পূর্ণ জ্ঞান রাখতে হবে। দ্বিতীয় পক্ষ CSP-তে কার্যক্রম পরিচালনায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নিয়মিত নিরীক্ষণ ও মূল্যায়ন করবে এবং কার্যক্রম পরিচালনায় অগ্রহণযোগ্য বিবেচিত হলে প্রথম পক্ষ কর্মকর্তা/কর্মচারী পরিবর্তন করবেন।

৩.২ ১ম পক্ষের দ্বারা নির্ধারিত (নূন্যতম ১০ লক্ষ টাকা) পরিমান অর্থ ক্যাশ এবং ব্যাংক একাউন্টে জমা রাখতে হবে। সময়ে সময়ে এই অর্থের পরিমান ১ম পক্ষ পরিবর্তন করতে পারে।

৩.৩ গ্রাহককে কোন অবস্থাতেই কখনোই সেবা থেকে বঞ্চিত করা যাবেনা। লেনদেনের জন্য প্রথম পক্ষের দ্বারা নির্ধারিত ন্যূনতম পরিমাণ অর্থ ক্যাশ এবং ব্যাংক একাউন্টে জমা রাখতে হবে। সময়ে সময়ে এই অর্থের পরিমাণ পরিবর্তন করতে পারে প্রথম পক্ষ।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৭১

৩.৪ সময়ে সময়ে প্রয়োজনীয় আসবাবপত্র ও ডেকোরেশন পরিবর্তন করতে হবে। প্রয়োজন অনুসারে এবং প্রথম পক্ষের অনুমতিক্রমে দ্বিতীয় পক্ষের নিজ খরচে সংস্থাপন/অবকাঠামো স্থাপন করতে হবে।

৩.৫ সংযুক্তি -'খ'-তে বর্ণিত সংস্থাপন, আসবাবপত্র বা সরঞ্জামাদি দ্বিতীয় পক্ষকে নিশ্চিত করতে হবে। এসকল খরচসহ CSP পরিচালনার সকল খরচ দ্বিতীয় পক্ষ নিজে ব্যয় করবে।

৩.৬ ইউনিট এজেন্টকে গ্রাহক এবং সম্ভাব্য গ্রাহকদের সাথে ভদ্র এবং বিনীত আচরণ করতে হবে।

৩.৭ ইউনিট এজেন্টকে গ্রাহক এবং সম্ভাব্য গ্রাহকদের সহায়তা করতে হবে এবং গ্রাহক যতক্ষণ পর্যন্ত না বুঝবে ততক্ষণ পর্যন্ত পণ্য বা সেবা সম্পর্কে ব্যাখ্যা করতে হবে।

৩.৮ প্রতিমাসে আবশ্যিকভাবে এজেন্ট পয়েন্ট-এর বিদ্যুৎ বিলের কপি প্রথম পক্ষ বরাবর জমা দিতে হবে।

৩.৯ স্থানীয় পর্যায়ে প্রচার-প্রচারণা ও ব্যবসা সম্প্রসারণের জন্য প্রথম পক্ষের নির্দেশনানুসারে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩.১০ স্টাফ নিয়োগ/বাতিল/পরিবর্তনসহ সকল পরিবর্তনের জন্য অবশ্যই ১ম পক্ষ হতে লিখিত অনুমোদন নিতে হবে।

৩.১১ সমস্যা জানানো ও অন্যান্য আবেদন, অনুসন্ধান ইমেইলের মাধ্যমে বা লিখিতরূপে করতে হবে। পরবর্তী রেফারেন্সের জন্য মৌখিক কোন কিছু গ্রহণযোগ্য হবে না।

৩.১২ পর্যাপ্ত লোকবল নিয়োগ দিতে হবে, কমপক্ষে ৩ জন।

৩.১৩ আউটলেটে সার্বক্ষণিক নূন্যতম ২ জন ষ্টাফ উপস্থিত থাকতে হবে।

সেকশন ৪: প্রথম পক্ষের দায়িত্ব ও কর্তব্য

৪.১ দ্বিতীয় পক্ষকে যথা সময়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।

৪.২ গ্রাহক সেবা প্রদানে সার্বিক সাহায্য সহযোগিতা প্রদান।

৪.৩ নির্ধারিত ডিভাইস সরবরাহ।

৪.৪ ডিভাইস সম্পর্কে প্রয়োজনীয় ধারণা প্রদান।

৪.৫ CSP Setup এ সার্বিক সহযোগিতা ও তত্ত্বাবধান ।

৪.৬ ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যাংকিং পণ্য তালিকা, প্রচার উপকরণ/লিফলেট, নানাবিধ ফরম( (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪.৭ সংযুক্তি 'ক' অনুযায়ী আসবাবপত্র প্রদান। প্রথম পক্ষ আসবাবপত্র ও সরঞ্জামাদির প্রকার, পরিমাণ নির্ধারণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

৪.৮ কার্যক্রম পরিচালনায় যথাযথ কারিগরি সহায়তা প্রদান।

সেকশন ৫: লেনদেন সম্পর্কিত শর্তাবলীঃ

দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের একমাত্র ইউনিট এজেন্ট হতে হবে এবং নিম্নলিখিত ব্যাংকিং ও আর্থিক সেবা সমূহ কাস্টমার সার্ভিস পয়েন্টের (CSP এর মাধ্যমে ) মাধ্যমে গ্রাহকদের প্রদান করতে হবে।। এসব ছাড়াও প্রথম

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৭০

পক্ষ কর্তৃক যেকোনো সময় যেকোনো প্রকার সেবা সমূহ সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিবর্ধন করা হতে পারে যা কোন প্রকার আপত্তি ছাড়া পরিচালনা করতে হবে। উদাহরণস্বরূপ নিম্নে কিছু সেবাসমূহের নাম উল্লেখ করা হলঃ

৫.১ ব্যাংক/গ্রাহকের অ্যাকাউন্ট চালুর জন্য নথিভুক্তির মাধ্যমে গ্রাহকদের তথ্য সংগ্রহ।

৫.২ গ্রাহক এর প্রয়োজন অনুযায়ী একাউন্ট-এ নগদ টাকা জমা ও উত্তোলন করা।

৫.৩ অভ্যন্তরীন/বৈদেশিক রেমিট্যান্স বিতরণ।

৫.৪ ঋণ বিতরণ ও ঋণের কিস্তি আদায়।

৫.৫ ইউটিলিটি বিল পেমেন্ট সুবিধা।

৫.৬ সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় নগদ অর্থ প্রদান।

৫.৭ গ্রাহক এর ফান্ড ট্রান্সফার করা।

৫.৮ RTGS/BEFTN এর মাধ্যমে অন্য ব্যাংকে ফান্ড ট্রান্সফার

৫.৯ ব্যালেন্স অনুসন্ধান করা।

৫.১০ ব্যাংক স্টেটমেন্ট প্রদান।

৫.১১ অনলাইনে/এপস্রের মাধ্যমে বিভিন্ন ভ্যালু এডেড/থার্ড পার্টি/কর্পোরেট সার্ভিস প্রদান:

- মোবাইল রিচার্জ
- অভ্যান্তরীণ/আন্তর্জাতিক বাস/ট্রেন/লঞ্চ/প্লেন ইত্যাদির টিকেট
- বীমার প্রিমিয়াম সংগ্রহ
- শস্য ও অন্যান্য বীমার প্রিমিয়াম সংগ্রহ ইত্যাদি
- ই-কমার্স, ই-কুরিয়ার সংশ্লিষ্ট সেবা প্রদান/ক্যাশ অন ডেলিভারী গ্রহণ

৫.১২ জনসাধারণের কাছ থেকে হিসাব খোলার আবেদনপত্র, ঋণের আবেদনপত্র, ক্রেডিট ও ডেবিট কার্ডের আবেদনপত্র এবং অ্যাকাউন্ট সম্পর্কিত নথি সংরক্ষণ।

৫.১৩ অনুমোদন প্রাপ্ত ঋণের পর্যবেক্ষণ।

৫.১৪ আমানত সংগ্রহ ও অন্যান্য কার্যাবলী।

৫.১৫ ১ম পক্ষ নির্দেশিত অন্যান্য সেবা/পণ্যের বিপণন ও বিক্রয় কার্যক্রম পরিচালনা।

৫.১৬ নিয়মিত বাজার নিরুপন, প্রতিযোগিতামূলক বাজার তথ্য অনুসন্ধান এবং স্থানীয় এলাকা/বাজার জরিপ।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৬৯

সেকশন ৬: গোপনীয়তা রক্ষাঃ

৬.১ সিএসপি স্বত্বাধিকারী/ইউনিট এজেন্ট বা তাঁর কোন কর্মকর্তা-কর্মচারী তৃতীয় পক্ষের কাছে গ্রাহক/সম্ভাব্য গ্রাহক থেকে প্রাপ্ত তথ্য প্রদান করতে পারবেনা।

৬.২ সিএসপি স্বত্বাধিকারী/ইউনিট এজেন্ট বা তাঁর কোন কর্মকর্তা-কর্মচারী তৃতীয় পক্ষের কাছে কোনো লেনদেনের ইতিহাস বা গ্রাহকদের ব্যালেন্স প্রদান করতে পারবে না।

৬.৩ সিএসপি স্বত্বাধিকারী/ইউনিট এজেন্ট বা তাঁর কোন কর্মকর্তা-কর্মচারী তৃতীয় পক্ষের কাছে গ্রাহকদের অ্যাকাউন্টের কোন তথ্যই প্রকাশ করতে পারবে না।

৬.৪ দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের সাথে চুক্তির শর্তাবলী বাণিজ্যিক গোপনীয়তা হিসাবে চিহ্নিত করতে হবে, এবং ব্যবসার স্বার্থে কঠোর গোপনীয়তা বজায় রাখতে হবে। প্রথম পক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তার লিখিত অনুমতি ছাড়া সিএসপি স্বত্বাধিকারী/ইউনিট এজেন্ট বা তাঁর কোন কর্মকর্তা-কর্মচারী তৃতীয় পক্ষের কাছে কোন কিছু প্রকাশ করতে পারবে না; কোনভাবেই চুক্তি পত্রের কপি হস্তান্তর করা যাবেনা।

৬.৫ দুয়ারের অনুমোদন ব্যতিরেকে কোনো অংশীদার নেয়া যাবে না।

সেকশন ৭: দ্বিতীয় পক্ষের জন্য অবশ্য পালনীয়ঃ

৭.১ গ্রাহককে যথাসম্ভব কম সময়ে সেবা দিতে হবে।

৭.২ গ্রাহক যদি কোন প্রকার আর্থিক বিষয়ে পরামর্শ চায়, অবশ্যই তা আন্তরিকতার সাথে শুনতে হবে এবং পরামর্শ প্রদান করতে হবে।

৭.৩ গ্রাহকের সাথে সর্বদা হাসিখুশি থাকতে হবে।

৭.৪ সিএসপি সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৭.৫ ইউনিট এজেন্ট একাউন্টে এবং ক্যাশে সব সময় পর্যাপ্ত ব্যালেন্স রাখতে হবে।

৭.৬ ইউনিট এজেন্ট প্রথম পক্ষ নির্ধারিত এলাকায় কাজ করবে।

৭.৭ ইউনিট এজেন্ট প্রথম পক্ষ নির্ধারিত এলাকায় গ্রাহক সংগ্রহ করবে।

৭.৮ প্রথম পক্ষের দেয়া মাসিক টার্গেট অর্জন দ্বিতীয় পক্ষের পারফরম্যান্স হিসেবে পরিমাপিত হবে এবং এই পারফরম্যান্স তথা ব্যবসায়িক সফলতা নিয়মিত যাচাই করা হবে।

৭.৯ নির্ধারিত অফিস সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে অফিস খুলতে হবে। গ্রাহককে আন্তরিকভাবে অভ্যর্থনা জানাতে হবে।

৭.১০ ১ম পক্ষ যে কোন রিপোর্ট প্রদান করতে বললে/অনুসন্ধান করলে তা আবশ্যিকভাবে দ্রুততম সময়ে চাহিদা অনুযায়ী প্রদান করতে হবে।

৭.১১ ২য় পক্ষ যদি কোন সার্ভিস দিতে গ্রাহকের সাথে অনিয়ম করে, তবে ০৭ দিনের মধ্যে সেই অনিয়ম সমাধান করতে হবে এবং এই অনিয়ম ধরা পড়লে ১ম পক্ষ সার্ভিস বন্ধ করে দেয়ার অধিকার

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



CamScanner




স ৪৩৮২৮৬৮

সংরক্ষণ করে। পরবর্তীতে সেবা চালু করতে হলে প্রয়োজনে অতিরিক্ত জামানত দিয়ে সেবা চালু করতে হবে।

৭.১২ কোন সার্ভিস চালু করতে যদি আলাদা জামানত/গ্যারান্টি প্রয়োজন হয় সেক্ষেত্রে জামানত পৃথকভাবে জমা দিতে হবে।

৭.১৩ দ্বিতীয় পক্ষ ব্যাংক কোম্পানী আইন বা বাংলাদেশ ব্যাংক, অগ্রণী ব্যাংক লিমিটেড ও দুয়ার সার্ভিসেস লি: এর আরোপিত আইন মানতে বাধ্য থাকবে অন্যথায় চুক্তি বাতিল বলে গণ্য হবে।

<u>সেকশন ৮: দ্বিতীয় পক্ষের জন্য অবশ্য বর্জনীয়:</u>

৮.১ ইউনিট এজেন্ট কর্তৃক গ্রাহকের অগ্রণী দুয়ার কার্ড এর কপি সংরক্ষণ।

৮.২ সিএসপি-তে কোন প্রকার গান বা বাদ্য বাজানো, ধূমপান বা মদ্যপান।

৮.৩ সিএসপি-তে ব্যাংকিং কার্যক্রম বহির্ভূত কোন প্রকার লোক জমায়েত, খোশগল্প, রাজনৈতিক আলাপ -আলোচনা করা বা সালিশ ইত্যাদি আয়োজন করা।

৮.৪ ইউনিট এজেন্ট কর্তৃক কোনো তৃতীয় পক্ষের কাছে গ্রাহকদের থেকে প্রাপ্ত তথ্য প্রকাশ।

৮.৫ ইউনিট এজেন্ট কর্তৃক কোনো তৃতীয় পক্ষের কাছে কোনো লেনদেনের তথ্য বা গ্রাহকদের ব্যালেন্স প্রকাশ।

৮.৬ গ্রাহককে সেবা প্রদানে কোন প্রকার অনীহা প্রকাশ।

৮.৭ স্বয়ংক্রিয়ভাবে প্রিন্টেড রিসিট এর বাইরে অতিরিক্ত ফী ও চার্জ নগদ গ্রহণ।

৮.৮ গ্রাহকের নিকট থেকে কোন প্রকার আর্থিক বা অনৈতিক সুবিধা নেওয়া।

৮.৯ মনোনীত সিএসপি দ্বারা প্রদেয় সেবা অন্য কোন ব্যক্তি বা সিএসপিকে স্থানান্তর/হস্তান্তর।

৮.১০ সিএসপিতে একই ধরনের সেবা যেমনঃ ক্ষুদ্রঋণ কার্যক্রম; এ সকল সেবা প্রদানকারী কোন সংস্থার সাথে ইউনিট এজেন্ট কর্তৃক সম্পৃক্ত হওয়া।

৮.১১ এই চুক্তি বলবৎ থাকা অবস্থায় দ্বিতীয় পক্ষ কোন ভাবেই- নাম-বেনামে, প্রকাশ্যে-গোপনে বা কোন কৌশল অবলম্বন করে অন্য কোন ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এজেন্ট/ইউনিট-এজেন্ট হতে বা সম্পৃক্ত হতে বা প্রতিনিধিত্ব করতে পারবে না।

৮.১২ অনুমতি ব্যতিরেকে দুয়ারের সফটওয়্যার ছাড়া কোন লেনদেন করা যাবে না।

৮.১৩ দুয়ার স্টাফ এর সাথে কোন আর্থিক লেনদেন বা প্রলোভন প্রদানে লিপ্ত হওয়া যাবে না। এমনকি কোনো প্রকার ব্যক্তিগত লেনদেন ও করা যাবে না।

৮.১৪ দুয়ার অননুমোদিত যে কোনো ধরণের অনিয়ম/অনৈতিক কার্যক্রম হতে বিরত থাকতে হবে।

৮.১৫ প্রথম পক্ষের লিখিত অনুমতি গ্রহণ ব্যতিরেকে এই ব্যবসা/ব্যবসা স্বার্থ সংশ্লিষ্ট বিশেষত ব্যাংকিং সংশ্লিষ্ট যে কোনো প্রকারে সংঘঠন, সভা-সমিতি ইত্যাদি সদস্য হওয়া বা অংশগ্রহণ করা যাবে না।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৬৭

৮.১৬ প্রথম পক্ষের লিখিত অনুমতি গ্রহণ ব্যতিরেকে দ্বিতীয় পক্ষ এজেন্ট ব্যাংকিং এর দায়িত্ব ও ক্ষমতা অন্য কাউকে প্রদান করতে পারবে না।

৮.১৭ একাধিক ইউনিট এজেন্ট/আউটলেট একত্রিত হয়ে সভা-সমিতি আয়োজন/অংশগ্রহণ, এসোসিয়েশন গঠন বা সদস্য হওয়া যাবে না। আউটলেটে কর্মরত ষ্টাফদের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য।

সেকশন ৯: কমিশন প্রদানঃ

৯.১ এজেন্ট ব্যাংকিং তথা অগ্রণী দুয়ার ব্যাংকিং কার্যক্রমে দ্বিতীয় পক্ষ শুধুমাত্র প্রথম পক্ষ প্রদত্ত ও নির্দেশিত তথ্য প্রযুক্তি নির্ভর (আইটি এনাবলড) সফটওয়্যার সিষ্টেম ব্যবহার করে সকল লেনদেন, পেমেন্ট/রেমিট্যান্স, হিসাব খোলা, আমানত গ্রহণ, ঋণ বিতরণ, অনলাইন ফী/বিল কালেকশন, প্রিমিয়াম গ্রহণ, টিকেট বিক্রয় ইত্যাদি কার্যক্রম পরিচালনা করবে। এক্ষেত্রে অনলাইন ডাটা এন্ট্রি ও সফটওয়্যার ব্যবহার/পরিচালনা করার জন্য ১ম পক্ষ নির্ধারিত হারে নানাবিধ ফী/কমিশন প্রযোজ্য হবে।

৯.২ প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের কমিশন, ফি, ইনসেনটিভ ও সার্বিক সুযোগ সুবিধা নির্ধারণ করবে। প্রাথমিকভাবে নির্ধারিত এজেন্ট ব্যাংকিং সফটওয়্যার নির্ভর অনলাইন ভিত্তিক সেবাসমূহ ও প্রাপ্য কমিশন ফি ও চার্জ এবং ইনসেন্টিভ সংযুক্তি 'গ' তে বর্ণিত হল। পরবর্তীতে অন্তর্ভুক্ত সেবার (যদি কোন থাকে) চার্জ পরে অগ্রণী ব্যাংক ও প্রথম পক্ষ দ্বারা নির্ধারণ করে জানিয়ে দেয়া হবে। প্রথম পক্ষ যে কোন সময় কমিশন কাঠামো পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৯.৩ শুধুমাত্র ১ম পক্ষ প্রদত্ত ও নির্দেশিত তথ্য-প্রযুক্তি নির্ভর (IT enabled) সফটওয়্যার ব্যবহার করে অনলাইন ভিত্তিক সেবা প্রদান-এর বিপরীতে ২য় পক্ষের কমিশন প্রযোজ্য হবে।

৯.৪ দ্বিতীয় পক্ষ প্রযোজ্য শর্ত পরিপালনে ব্যর্থ হলে প্রণোদনা/কমিশন প্রদান করা হবে না।

৯.৫ বাংলাদেশে প্রচলিত ভ্যাট-ট্যাক্স আইন অনুসারে দ্বিতীয় পক্ষের প্রাপ্য কমিশন/ফী হতে বিধি মোতাবেক ভ্যাট-ট্যাক্স (TDS/AIT) প্রথম পক্ষের দ্বারা কর্তনের পর দ্বিতীয় পক্ষের ব্যাংক অ্যাকাউন্টে জমা দেওয়া হবে।

৯.৬ মাসিক প্রদেয় কমিশন পরবর্তী মাসের শেষ কর্মদিবসে প্রদেয় হবে।

সেকশন ১০: বিরোধ নিষ্পত্তিঃ

দ্বিতীয়পক্ষ হতে এজেন্টশীপ সংক্রান্ত কোনো বিষয়ে বিরোধ/সংশয় তৈরী হলে সেটা নিষ্পত্তির জন্য প্রথমপক্ষ বরাবর লিখিত আকারে আবেদন জানাবে। ৩০ কর্মদিবসের মধ্যে প্রথমপক্ষ কোনো প্রতিউত্তর না প্রদান করলে উভয়পক্ষের ঐক্যমত্যের ভিত্তিতে উপযুক্ত সালিসকারী নিয়োগের মাধ্যমে নিষ্পত্তির চেষ্টা করা হবে। এক্ষেত্রেও যদি নিষ্পত্তি না হয় তাহলেই শুধু দ্বিতীয়পক্ষ বিচারিক আদালতে যেতে পারবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৬৬

সেকশন ১১: চুক্তি বাতিলের শর্তাবলী:

১১.১ এই চুক্তিপত্র কার্যকর হওয়ার তারিখ হতে বাতিল করার পূর্ব পর্যন্ত বৈধ বলে গণ্য করা হবে। তবে যেকোনো শর্ত ভঙ্গের কারণে বা নিম্নলিখিত পন্থায় চুক্তি বাতিল হতে পারে।

১১.২ দুই পক্ষের দ্বারা চুক্তি বাতিল: দ্বিতীয় পক্ষ এই চুক্তি ১২০ দিনের একটি লিখিত নোটিশ প্রদান করে বাতিল করার আবেদন করতে পারে। কিন্তু প্রথম পক্ষ নোটিশ ছাড়াই এই চুক্তিটি বাতিল করার অধিকার রাখে।

১১.২.১ সমস্ত প্রাপ্য এই সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।

১১.২.২ দ্বিতীয় পক্ষ নোটিশ চলাকালীন সময়ে গ্রাহকদের সকল প্রকার সেবা প্রদান অব্যাহত রাখবে। কোনো কারণে দ্বিতীয় পক্ষ নোটিশ কালীন সময়ে নিয়মিত গ্রাহকসেবা প্রদানে ব্যর্থ হলে প্রথম পক্ষ জামানত অধিগ্রহণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১১.২.৩ দ্বিতীয় পক্ষকে নোটিশ চলাকালীন সময়কালে সকল প্রকার সেবা প্রদানের জন্য কমিশন ও ইনসেনটিভ প্রদান করা হবে।

১১.২.৪ দ্বিতীয় পক্ষ নোটিশ চলাকালীন সময়ের শেষে প্রথম পক্ষের নিকট পরিচয়পত্র, এজেন্ট সার্টিফিকেট, লেনদেনের সরঞ্জাম, সাইনবোর্ড, ও ব্যানারসহ সকল প্রকার ডকুমেন্ট এবং সরবরাহকৃত আসবাবপত্র ও সরঞ্জামাদী (সংযুক্তি 'ক' অনুযায়ী) ফেরত দিতে হবে।

১১.২.৫ পরস্পরের সম্মতিক্রমে চুক্তি বাতিল: পরস্পরের সম্মতিক্রমে যেকোন সময় এ চুক্তির অবসান ঘটতে পারে।

১১.৩ স্থগিতাদেশ: প্রথম পক্ষ এবং দ্বিতীয় পক্ষের মধ্যে সম্পর্ক একতরফাভাবে যেকোনো সময় প্রথম পক্ষের দ্বারা স্থগিত করা হতে পারে।

১১.৪ প্রথম পক্ষের দ্বারা চুক্তি বাজেয়াপ্ত:

১১.৪.১ প্রথম পক্ষের অনুমতি ছাড়া দ্বিতীয় পক্ষ কোন প্রকার সেবা প্রদান করলে প্রথম পক্ষ চুক্তি বাতিল এর অধিকার রাখে।

১১.৪.২ দ্বিতীয় পক্ষের দ্বারা এই চুক্তির বিধানে কোনো প্রকার লঙ্ঘনের ঘটনা ঘটলে নোটিশ ছাড়াই চুক্তি বাজেয়াপ্ত হবে।

১১.৪.৩ যদি এটা প্রতীয়মান হয় যে দ্বিতীয় পক্ষের দ্বারা প্রথম পক্ষের ক্ষতি হচ্ছে এবং অথবা দ্বিতীয় পক্ষ আশানুরূপ পারফরম্যান্স/ব্যবসায়িক সফলতা প্রদর্শনে সক্ষম হচ্ছে না তাহলে চুক্তি বাতিল হবে।

১১.৪.৪ কোনো গ্রাহক বা ব্যাংক এর সম্ভাব্য গ্রাহকের কাছ থেকে কোন প্রকার জালিয়াতি, অসদাচরণ, অবহেলা, অথবা সেবা প্রদানে অস্বীকার করার অভিযোগের ঘটনা গৃহীত হয় তা হলে এই চুক্তি অবিলম্বে স্থগিত থাকবে এবং তদন্তের পরে প্রমাণিত হলে নোটিশ ছাড়াই এই চুক্তি বাতিল করা হবে।

১১.৪.৫ ডিক্লারেশন ফর্মে দেওয়া কোন তথ্য মিথ্যা প্রতীয়মান হলে চুক্তি বাতিল হবে।

১১.৪.৬ দ্বিতীয় পক্ষ কোন প্রকার সন্ত্রাসী কার্যক্রমের সাথে যুক্ত হলে এই চুক্তি বাতিল হবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



CamScanner




স ৪৩৮২৮৬৫

১১.৪.৭ চুক্তিপত্র বাতিল হলে বা এজেন্ট ব্যাংকিং কার্যক্রম হতে অব্যাহতির জন্য দ্বিতীয় পক্ষকে ৩০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে কর্তৃপক্ষ প্রদানকৃত ব্যাংকের প্রচলিত প্রত্যায়নপত্র/অঙ্গীকারপত্র স্বাক্ষর করে দিতে হবে।

১১.৪.৮ এজেন্ট ব্যাংকিং কার্যক্রম হতে অব্যাহতির জন্য প্রযোজ্য হারে প্রথম পক্ষ নির্ধারিত নির্দিষ্ট প্রশাসনিক ব্যয় দ্বিতীয় পক্ষকে বহন করতে হবে।

১১.৪.৯ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের কোনো নির্দেশনার প্রতিপালন, ব্যবস্থা গ্রহণ বা নিষ্পত্তি না করলে প্রথম পক্ষ চুক্তি বাতিল এর পূর্ণ অধিকার রাখে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ৫ ৳ ৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৬৪

আমরা উভয় পক্ষ সজ্ঞানে ও সুস্থ মস্তিস্কে উপরিউক্ত শর্তাবলী সম্পর্কে অবগত হয়ে নিম্ন লিখিত সাক্ষীদ্বয়ের উপস্থিতিতে উক্ত চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

দুয়ার সার্ভিসেস লিমিটেড
(এর পক্ষে সীলসহ স্বাক্ষর)

DOER SERVICES LIMITED
Md. Bony Tasnim Ibna Razzak

(মো: বনি তাসনিম ইবনে রাজ্জাক)
ভাইস প্রেসিডেন্ট ও হেড অব অপারেশন্স

ইউনিট এজেন্ট
(সীলসহ নাম, স্বাক্ষর ও তারিখ)

মেসার্স আনিভা ফার্মেসী
মোঃ আব্দুল মতিন
০১৪০৩-২৫৪০৩৩
মেডিকেল মোড়, কিশোরগঞ্জ, নীলফামারী

সাক্ষী:

১. ......................................

১. ......................................

২. ......................................

২. ......................................

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৪৩

## সংযুক্তি 'ক'

অগ্রণী দুয়ার ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত (প্রথম পক্ষ কর্তৃক প্রদেয়) আসবাবপত্র ও সরঞ্জামাদির তালিকাঃ

১। চেয়ার (৪টি - স্টিলের তৈরী, রেক্সিন মোড়া গদি)

২। সার্ভিস টেবিল (১টি - কাস্টমাইজড ডিজাইন, স্টিল পায়া, বোর্ড)

৩। ক্যাশ কাউন্টার (১টি - কাস্টমাইজড ডিজাইন, স্টিল পায়া, বোর্ড, কাউন্টার সংখ্যা- ২টি)

৪। সাইনবোর্ড (১টি - ১২' x ৩' মাপের অ্যালুমিনিয়াম বক্স লাইট বোর্ড)

৫। নির্দেশনামূলক দেয়াল বোর্ড/ব্যানার (প্রাথমিকভাবে ৪টি)

৬। ফিঙ্গারপ্রিন্ট/বায়োমেট্রিক মেশিন/প্রিন্টার (১টি, এটি বিল্ট ইন অথবা বিচ্ছিন্ন যন্ত্রাংশ হতে পারে)

৭। ফাইল কেবিনেট (১টি - স্টিল পায়া, বোর্ড)

৮। গ্লাস স্টিকার (গ্লাস ডোর ও সামনের থাই গ্লাসের জন্য)



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৪০

## সংযুক্তি 'থ'

অগ্রণী দুয়ার ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত (দ্বিতীয় পক্ষ কর্তৃক সংস্থাপনযোগ্য) আসবাবপত্র ও সরঞ্জামাদির তালিকাঃ

১। চেয়ার (যে কয়েকটি প্রয়োজন হয়, প্রথম পক্ষ প্রদেয় ডিজাইন/মডেল অনুযায়ী)

২। এন্ড্রোইড-চালিত ট্যাব/স্মার্টফোন বা অনুরূপ হ্যান্ডহেল্ড ট্রান্সেকশন ডিভাইস

৩। ব্যাংক লকার/ভল্ট

৪। মেঝে টাইলস, ছাদে ফলস সিলিং, সামনে গ্লাস ডোর (সুইং ডোর)

৫। প্রয়োজন অনুসারে কাস্টোমাইজেড ব্যানার/নির্দেশক

৬। দেয়ালে নির্দিষ্ট রং

৭। একটি ল্যাপটপ

৮। লেজার প্রিন্টার (Wi-Fi Direct)

৯। ন্যূনতম ২টি সিলিং ফ্যান (প্রয়োজানুসারে বেশী)

১০। যথেষ্ট লাইট

১১। ফ্লোর ম্যাট্রেস

১২। নিয়মিত সকল অফিস স্টেশনারী

১৩। গ্রাহকসেবা প্রদানের অন্যান্য সকল আনুষাঙ্গিক সরঞ্জামাদি

১৪। পরবর্তীতে প্রয়োজনানুসারে প্রথম পক্ষের নির্দেশিত আসবাবপত্র/সরঞ্জামাদি

১৫। সিসিটিভি, অগ্নি নির্বাপক যন্ত্র, টিস্যু বক্স, ময়লা ফেলার ঝুড়ি।

১৬। প্রথম পক্ষের লিখিত অনুমতিপ্রাপ্তি সাপেক্ষে অন্যান্য আসবাবপত্র/সরঞ্জামাদি সংস্থাপন করা যেতে পারে।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৩৭

## সংযুক্তি 'গ'

১. ১ম পক্ষ প্রদত্ত ও নির্দেশিত তথ্য-প্রযুক্তি নির্ভর (IT enabled) সফটওয়্যার ব্যবহার করে নিম্নোক্ত অনলাইন ভিত্তিক সেবা প্রদান করে ২য় পক্ষ নিম্ননির্ধারিত ফী, চার্জ ও কমিশন প্রাপ্য হবে:

| লেনদেনের প্রকার | গ্রাহকের চার্জ কর্তন | ইউনিট-এজেন্ট কত পাবে | মন্তব্য |
|---|---|---|---|
| নগদ উত্তোলন/ জমা (একই শাখার মধ্যে) | ০ টাকা | - | - |
| ফরেন রেমিট্যান্স বিতরণ | ০ টাকা | ৩৫ টাকা (প্রতিবার বিতরণে) | - |
| লোকাল রেমিটেন্স/ফান্ড ট্রান্সফার/ অন্য শাখায় লেনদেন | সর্বোচ্চ ০.২৫% (ন্যূনতম ১০ টাকা) | গ্রাহক হতে কর্তনকৃত চার্জের ৭০% | বিভিন্ন লেনদেন সীমায় চার্জ পরিবর্তনশীল |
| RTGS | ১০০ টাকা | ব্যাংক হতে ১ম পক্ষের প্রাপ্ত কমিশনের ৪০% | - |
| বিল জমা (বিলিং কর্তৃপক্ষের উপর নির্ভরশীল এবং কোম্পানির সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী পরিবর্তনশীল) | সর্বোচ্চ ১৫ টাকা | গ্রাহক হতে কর্তনকৃত চার্জের ৭০% | কর্তৃপক্ষ CSP-ভেদে স্থানীয় চাহিদা ও অবস্থানুযায়ী গ্রাহক চার্জ নির্ধারণ করবে। |
| অগ্রণী দুয়ার কার্ড (বার্ষিক) | ২৫ টাকা | সর্বোচ্চ ১২ টাকা (গ্রাহক একাউন্ট হতে কর্তন অনুযায়ী) | ইউনিট এজেন্ট অংশ দ্বিতীয় বছর হতে প্রাপ্য |
| নতুন অ্যাকাউন্ট খোলা | ০ টাকা | ৩৫ টাকা (একাউন্ট প্রতি) | - |
| একাউন্ট রক্ষণাবেক্ষণ চার্জ (সঞ্চয়ী হিসাব) | ব্যাংকের নিয়ম অনুযায়ী কর্তন করা হবে | ব্যাংক কর্তৃক কর্তনকৃত অর্থের ৩৫% | - |
| একাউন্ট রক্ষণাবেক্ষণ চার্জ (চলতি হিসাব) | ব্যাংকের নিয়ম অনুযায়ী কর্তন করা হবে | ব্যাংক কর্তৃক কর্তনকৃত অর্থের ৩৫% | |
| এক্সাইজ ডিউটি | সরকারী বিধি মোতাবেক | - | - |
| ঋণ বিতরণ | ব্যাংকের প্রচলিত সুদহার আরোপিত হবে এবং সে অনুযায়ী সুদাসলের অর্থ আদায়/কর্তন/সমন্বয় করা হবে। | ১ম পক্ষের নিট প্রাপ্ত কমিশনের ৭০% | শুধুমাত্র আদায়কৃত লোনের ক্ষেত্রে কমিশন প্রযোজ্য |



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫ ৳৫

পাঁচ টাকা

স ৪৩৮২৮৩৬

| | | | |
|---|---|---|---|
| লোন প্রসেসিং ফী | ব্যাংকের নিয়ম অনুযায়ী কর্তন করা হবে | ১ লক্ষ টাকা পর্যন্ত ৫০ টাকা এবং এর উর্ধ্বে ১০০ টাকা কমিশন | শুধুমাত্র অনুমোদিত ঋণের ক্ষেত্রে কমিশন প্রযোজ্য |
| গ্রাহকের স্থিতির উপরে বার্ষিক লভ্যাংশ/কমিশন (Float Share) (বিভিন্ন মেয়াদী আমানত ও মাসিক সঞ্চয়ী হিসাব) | | ০.৭৫% (ভ্যাট-ট্যাক্স কর্তনের পর ০.৬৭৫%) | ১. ভ্যাট-ট্যাক্স ও অন্যান্য প্রযোজ্য পরিশোধেয় কর্তনের পর ব্যাংক হতে দুয়ারের প্রাপ্ত কমিশনের ৭৫% প্রদান করা হবে। ২. এজেন্টের প্রত্যক্ষ অংশগ্রহণে সংগৃহিত আমানতের জন্য এই হার প্রযোজ্য। বিভিন্ন ক্ষেত্রে আমানত সংগ্রহ বৃদ্ধির লক্ষে এই লভ্যাংশ তৃতীয় পক্ষের সাথে ভাগ করা হতে পারে। |
| গ্রাহকের স্থিতির উপরে বার্ষিক লভ্যাংশ/কমিশন (Float Share) (সঞ্চয়ী হিসাব) | | ১.৫০% (ভ্যাট-ট্যাক্স কর্তনের পর ১.৩৫%) | |
| গ্রাহকের স্থিতির উপরে বার্ষিক লভ্যাংশ/কমিশন (Float Share) (চলতি হিসাব) | | ২.২৫% (ভ্যাট-ট্যাক্স কর্তনের পর ২.০২৫%) | |

- এই ফী - চার্জ যেকোনো সময় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরিবর্তন হতে পারে
- পরবর্তিতে যেসব সেবা চালু হবে তা পরে নির্ধারণ করে জানিয়ে দেয়া হবে
- গ্রাহকের সকল চার্জ স্বয়ংক্রিয়ভাবে সফটওয়্যার মাধ্যমে কর্তন করা হবে, দ্বিতীয় পক্ষ সরাসরি ক্যাশে কোনো চার্জই গ্রহণ করতে পারবে না।

২. <u>মাসিক গ্রাহক সেবা প্রনোদনা:</u>

- পরিমান: ৮০০০-১০০০০ টাকা (মাসে)
- মেয়াদ: কার্যক্রম চালুর পর সর্বোচ্চ ১২ মাস
- মাসিক গ্রাহক সেবা প্রনোদনা প্রদেয় হবে যেসব বিষয়ের উপর ভিত্তি করে-
    - দৈনন্দিন লেনদেনের জন্য প্রথম পক্ষ নির্ধারিত পরিমান অর্থ বিনিয়োগ
    - ব্যাংকিং সেবার মান, ব্যবসায়িক পারফরমেন্স ও
    - অন্যান্য নিয়মানুবর্তিতা
- **নির্ধারিত পরিমান ব্যালেন্স এজেন্ট অ্যাকাউন্ট-এ না থাকলে বা নূন্যতম সংখ্যক লেনদেন সংঘটিত না হলে সে মাসে প্রণোদনা প্রদান করা হবে না।**
- মাসিক গ্রাহকসেবা প্রণোদনার প্রাপ্য সরাসরি ক্যাশ অংশও ক্ষেত্র বিশেষে ইউনিট এজেন্টের অ্যাকাউন্ট-এ প্রদানের পরিবর্তে প্রথম পক্ষের এখতিয়ারে এজেন্ট এলাকা ভিত্তিক প্রচারণা/ব্যবসা উন্নয়ন কাজে ব্যবহৃত হতে পারে।
- প্রথম পক্ষ এই ক্যাশ ইনসেনটিভ হতে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় পরিমান অর্থ কর্তন/সমন্বয় সাধনের অধিকার সংরক্ষণ করে।



“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

CamScanner